

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৯৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৯. ধনুকের উপর ভর দিয়ে খুত্ববাহ দেয়া

باب الرَّجُلِ يَخْطُبُ عَلَى قَوْسِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا عِمْرَانُ، عَنْ قَتَادَةَ، عَنْ عَبْدِ رَبِّهِ، عَنْ أَبِي عِيَاضٍ، عَنِ ابْنِ مَسْعُودٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا تَشَهَّدَ قَالَ " الْحَمْدُ للهِ نَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَعُوذُ بِاللهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا مَنْ يَهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ وَمَنْ يُضِلُلْ فَلَا هَادِيَ لَهُ وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَمَنْ يُعْصِيهَمَا فَإِنَّهُ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا بَيْنَ يَدَى السَّاعَةِ مَنْ يُطِعِ اللهَ وَرَسُولَهُ فَقَدْ رَشَدَ وَمَنْ يَعْصِهِمَا فَإِنَّهُ لَا يَضُرُّ إِلَا نَفْسَهُ وَلَا يَضُرُّ اللهَ شَيْئًا ".

_ ضعیف

বাংলা

১০৯৭। 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুত্ববাহ দেয়ার সময় বলতেন,

''আলহামদু লিল্লা-হি নাস্তাঈনুহু, ওয়া নাসতাগিফিরুহু ওয়া না'উযু বিল্লা-হি মিন শুরুরি আনফুসিনা মাঁই ইয়াহদিহিল্লাহু ফালা মুদিল্লা লাহু ওয়া মাই ইউদিলিল ফালা হা-দিয়া লাহু। ওয়া আশহাদু আল-লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আলা মুহাম্মাদান 'আবদুহু ওয়া রসূলুহ। আরসালাহু বিলহাক্কি বাশিরাও ওয়া নাযীরা বাইনা ইয়াদাইস্ সা'আহ। মাঁই ইউত্বি'ইল্লা-হা ওয়া রসূলুহু ফাকাদ্ রাশাদা ওয়া মাঁই ইয়া'সিহিমা ফাইনাহু লা ইয়াদুররু ইল্লা নাফসাহু ওয়ালা ইয়াদুররুল্লা-হা শাইয়া"।

(সকল প্রশংসা আল্লাহর। আমরা তাঁর কাছে সাহায্য ও ক্ষমা চাই। আমরা আমাদের নিজেদের নাফসের ক্ষতি হতে আল্লাহর কাছে আশ্রয় চাই। আল্লাহ যাকে হিদায়াত দেন কেউ তাকে পথভ্রস্ট করতে পারে না। আর আল্লাহ যাকে পথভ্রস্ট করেন তাকে কেউ হিদায়াত করতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া অন্য কোন ইলাহ নাই।



আমি আরো সাক্ষ্য দিচিছ যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রসূল। মহান আল্লাহ তাঁকে কিয়ামতের পূর্বে সত্য দ্বীনসহ সুসংবাদ দাতা ও ভীতি প্রদর্শনকারী হিসেবে পাঠিয়েছেন। যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের আনুগত্য করে সে সঠিক পথে রয়েছে। আর যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের অবাধ্য হয় সে তো নিজেরই ক্ষতি সাধন করে, সে আল্লাহর কোন ক্ষতি করতে পারে না)।[1]

দুর্বল।

English

Narrated Abdullah ibn Mas'ud:

When the Messenger of Allah () addressed, he would say: Praise be to Allah, from Whom we seek help and pardon, and we seek refuge in Allah from the evils of our souls. He whom Allah guide has no one who can lead him astray, and he whom He leads astray has no one to guide him. And I bear witness that there is no god but Allah, and I bear witness that Muhammad is His servant and apostle. He sent him before the coming of the last hour with truth giving good tidings and warning. He who obeys Allah and His Apostle follows the right path; and he who disobeys them shall harm none except himself, and he will not harm Allah in the least.

ফুটনোট

[1] এর সানাদ ও মাতান উভয়ই দুর্বল। সনদে আবূ 'আয়ায হচ্ছে কায়স ইবনু সা'লাবাহ, যেমন হাফিয ইবনু হাজার 'আত-তাহযীব' ও 'আত-তারুরীব' গ্রন্থে উল্লেখ করেছেন। তিনি একজন অজ্ঞাত লোক (মাজহুল)। তবে উপরোক্ত শব্দ ছাড়া ভিন্ন শব্দে হাদীসটি প্রমাণিত আছে ইবনু মাসউদ সূত্রে, যা বর্ণনা করেছেন তিরমিয়ী (অধ্যায় নিকাহ, হাঃ ১১০৫), ইবনু মাজাহ (অধ্যায় : নিকাহ, হাঃ ১৮৯২), আহমাদ (১/৩০২), ইবনু 'আব্বাস হতে এর শাহিদ হাদীস রয়েছে মুসলিমে (অধ্যায় : জুমু'আহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন